মেহেরপুরে এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্ত কৃতি শিক্ষার্থীদের সংবর্ধনা

মেহেরপুরে এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্ত ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে কৃতি শিক্ষার্থী এবং বিশেষ কৃতিত্ব অর্জনকারীদের সম্মাননা প্রদান করা হয়েছে।

আজ শনিবার (২ সেপ্টেম্বর) সকাল সাড়ে দশটায় সরকারি মহিলা কলেজ চত্বরে এ অনুষ্ঠানের আয়োজন করে মেহেরপুর স্টুডেন্টস ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (মেসডা)।

সংর্বধনা আয়োজক কমিটির আহবায়ক অ্যাডভোকেট রাকিবুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুমে যুক্ত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

স্বাগত বক্তব্য রাখেন কমিটির সদস্য সচিব আব্দুস সবুর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, ছহিউদ্দিন ডিগ্রী কলেজের অধ্যক্ষ একরামুল আজিম।

জেলায় এসএসসিতে জিপিএ ৫ প্রাপ্ত প্রায় ৮৫০ জন পরীক্ষার্থী এবং উচ্চ শিক্ষার ক্ষেত্রে ক্যারিয়ারে বিশেষ কৃতিত্ব অর্জনকারী বিসিএস, বিজেএসসহ ১৬ জন কে সম্মাননা প্রদান করা হয়।